

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৭৫৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সূরা সোয়াদ পাঠ করার সময় সাজদা করা মুস্তাহাব

ذَكَرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَسْجُدَ عِنْدَ قِرَاءَتِهِ سُورَةَ {ص}

আরবী

2754 - أَخْبَرَنَا ابْنُ سَلَمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ:

أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي هَلَالٍ عَنْ عِيَّاضِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سَعْدٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَرَأَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: {ص} [ص: 1] وَهُوَ

عَلَى الْمِنْبَرِ فَلَمَّا بَلَغَ السَّجْدَةَ نَزَلَ فَسَجَدَ وَسَجَدَ النَّاسُ مَعَهُ فَلَمَّا كَانَ يَوْمَ آخِرِ قَرَأَهَا فَلَمَّا بَلَغَ السَّجْدَةَ تَنَشَّزَ النَّاسُ لِلْسُّجُودِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّمَا هِيَ

تَوْبَةُ نَبِيِّ وَلَكِنِّي رَأَيْتُكُمْ تَنَشَّزْتُمْ لِلْسُّجُودِ) فَنَزَلَ فَسَجَدَ وَسَجَدُوا.

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2754 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1271).

বাংলা

২৭৫৪. আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বারের উপর সূরা সোয়াদ পাঠ করেছেন। অতঃপর যখন সাজদার স্থানে পৌঁছেন, তখন তিনি মিম্বার থেকে নামেন এবং সাজদা করেন অতঃপর লোকজনও তাঁর সাথে সাজদা করেন। তারপর আরেক দিন এই সূরা পাঠ করেন। অতঃপর যখন সাজদার আয়াতে পৌঁছেন, তখন লোকজন সাজদা করার জন্য প্রস্তুত হয়ে যায়। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “নিশ্চয়ই এটা ছিল একজন নাবীর তাওবা সংক্রান্ত ঘটনা। কিন্তু তোমরা সাজদা করার জন্য প্রস্তুত হয়ে গেছো। অতঃপর তিনি মিম্বার থেকে নামেন এবং সাজদা করেন, লোকজনও সাজদা করেন।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ১৪১০; সুনান বাইহাকী: ২/৩১৮; হাকিম: ২/৪৩১-৪৩২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৭১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92084>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন